52

দৈনিক সংবাদ

তারিখ 08 OCT 1996
পৃষ্ঠা ৭ কলাম ৭

প্রাথমিক শিক্ষা | বাস্তব চিত্র

# ঢাকা ঃ জেলা জুড়ে শিক্ষকের বহু পদ শূন্য, মহানগরীতে উদ্বৃত্ত

রাশেদ আহমেদ ।। ঢাকা জেলার বিভিন্ন থানায় অবস্থিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ১৬৫ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের পদ শূন্য ৩০ এবং সহকারী শিক্ষকের পদ শূন্য ১৩৫টি। এছাড়া থানা শিক্ষা অফিসারের পদ ৫ ও সহকারী থানা শিক্ষা অফিসারের পদ ৩টি শূন্য রয়েছে। ঢাকা জেলায় শিক্ষক শূন্যতা থাকলেও শহরের অনেক স্কুলে শিক্ষক উদ্বৃত্ত রয়েছে বলে জেলা শিক্ষা অফিস থেকে জানা যায়।

প্রাথমিক শিক্ষা অফিসের এক সূত্র জানিয়েছে, ঢাকা জেলার ১৭টি থানার মধ্যে অবস্থিত ৭৮৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪ হাজার ২শ' ৫৮ জন শিক্ষক কর্মরত রয়েছেন। কিন্তু সেখানে শিক্ষক প্রয়োজন ৫ হাজার ১শ' ৬৯ জন। শুধুমাত্র রাজধানীর ১২টি থানার মধ্যে অবস্থিত ৩শ' ২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক কর্মরত ২ হাজার ৭শ' ১১ জন। কিন্তু শিক্ষক প্রয়োজন ২ হাজার ৭শ' ৮৫ জন। রাজধানীর বাইরে রয়েছে ৫টি থানা কেরানীগঞ্জ, নবাবগঞ্জ, সাভার, ধামরাই ও দোহার।

নতুন শিক্ষক নিয়োগ না করার কারণে ঢাকায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের শূন্যতার সৃষ্টি হয়েছে। এই সব শূন্যপদ পূরণের জন্যে ঢাকা জেলার বাইরে থেকেও শিক্ষক বদলি করে আনা সম্ভব হচ্ছে না। কারণ ১৯৯২ সালে সরকারি সিদ্ধান্তে দেশের অন্যান্য জেলা থেকে ঢাকায় বদলি হওয়া বন্ধ করে দেয়া হয়েছিল। '৯২ সালের আগে বিভিন্ন তদবিরের মাধ্যমে ঢাকায় বদলি হবার প্রবণতা বৃদ্ধি পাওয়ায় ঢাকা শহরে প্রায় সাড়ে ৩শ' শিক্ষক অতিরিক্ত হয়ে পড়েছিল। পরে সরকারি সিদ্ধান্তে ঢাকায় বদলি হওয়া বন্ধ করে দেয়া হয়।

জেলা শিক্ষা অফিসের সূত্র জানায়, ঢাকা মহানগরীতে শিক্ষকের পদ শূন্য থাকলেও যেসব সুবিধাজনক স্কুলে অতিরিক্ত শিক্ষক রয়েছেন তাদের সমন্বয় সাধন করে দিলেই সমস্যা অনেকটা মিটে যায়। কিন্তু বিভিন্ন মহলের চাপের কারণে এক স্কুল থেকে আরেক স্কুলে শিক্ষক বদলি করা সম্ভব হচ্ছে না।

সূত্র জানায়, মহানগরীতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্যে কিছুদিনের মধ্যে ''মহানগরী প্রাথমিক শিক্ষা কমিটি'' নামে একটি কমিটি গঠিত হবে। যার প্রধান থাকবেন বিভাগীয় কমিশনার। এতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা শিক্ষা অফিস, ঢাকা সিটি কর্পোরেশনসহ বিভিন্ন সেক্টর থেকে প্রতিনিধি থাকবে। এই কমিটি আগামীতে মহানগরীর শিক্ষক সমন্বয়, শিক্ষার অবকাঠামোগত উন্নয়নসহ যাবতীয় কার্যক্রম পরিচালনা করবে।